

13619 - রোজার মধ্যে টুথপেস্ট ব্যবহার

প্রশ্ন

রোজাকালে ব্রাশ ও টুথপেস্ট দিয়ে দাঁতমাজা কি জায়েয হবে? আমার জানামতে যদি টুথপেস্ট পেটে না যায় (গিলে না ফেলে) তাহলে জায়েয। আশা করি এ বিষয়ে আপনার মতামত দিবেন।

প্রিয় উত্তর

টুথপেস্ট ব্যবহার করার বিষয়ে মাননীয় শাইখ বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন: “যদি কোন কিছু গিলে ফেলা না হয় এতে কোন অসুবিধা নেই; যেমন মিসওয়াক ব্যবহার করা শরিয়তসঙ্গত।”[ফাতাওয়াস শাইখ বিন বায (৪/২৪৭)]

শাইখ মুহাম্মদ সালেহ উছাইমীন বলেন:

এ মাসয়ালার শাখা মাসয়ালা হচ্ছে- রোজাদারের জন্য ব্রাশ ও টুথপেস্ট ব্যবহার করা কি জায়েয হবে? নাকি হবে না?

জবাব: জায়েয হবে। তবে উত্তম হচ্ছে- টুথপেস্ট ব্যবহার না করা। কারণ টুথপেস্টের মধ্যে গলার ভিতরে ও নীচের দিকে চলে যাওয়ার শক্তি প্রবল। তাই দিনের পরিবর্তে রাতে টুথপেস্ট ব্যবহার করা যেতে পারে। [শাইখ উছাইমীনের “আল-শারহুল মুমতি” (৬/৪০৭, ৪০৮)]